

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
৯২-৯৩ মহাখালী, বা/এ, ঢাকা-১২১২।  
[www.ddm.gov.bd](http://www.ddm.gov.bd)

আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২১ উদযাপন এবং সিপিপি'র ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে মুজিব শতবর্ষে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২১ উদযাপন এবং সোশ্যাল মিডিয়ায় প্রচার উপকমিটির প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব আতিকুল হক  
(অতিরিক্ত সচিব)  
মহাপরিচালক  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
তারিখ : ০১-০৯-২০২১ খ্রি.  
সময় : ১২.০১ ঘটিকা  
স্থান : মহাপরিচালক মহোদয়ের অফিস কক্ষ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

সভাপতি অধ্যকার সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় উপস্থিত সদস্যগণের তালিকা নিম্নরূপ:

ক্রমিক নং	নাম ও পদবী	স্বাক্ষর
১	জনাব আতিকুল হক, মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর	স্বাক্ষরিত
২	যুগ্ম সচিব (সেবা), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	স্বাক্ষরিত
৩	পরিচালক (প্রশাসন), সিপিপি, ঢাকা	স্বাক্ষরিত
৪	জনাব অঞ্জন চন্দ্র পাল, পরিচালক (কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর	স্বাক্ষরিত
৫	প্রতিনিধি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা	

সভাপতি জেলা ও উপজেলা পর্যায়ে মুজিব শতবর্ষে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২১ উদযাপন ও সোশ্যাল মিডিয়ায় প্রচার উপ কমিটির সদস্য সচিবকে কমিটির কার্যপরিধি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান। কমিটির সদস্য সচিব, পরিচালক (কাবিখা) সভায় কমিটির কার্যপরিধি উপস্থাপন করেন। কমিটির কার্যপরিধি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র. নং	আলোচ্যসূচী	বাস্তবায়নে
১	জেলা পর্যায়ে মুজিব শতবর্ষে দুর্যোগ প্রশমন দিবস এবং সিপিপি'র ৫০ বছর বিষয়ক আলোচনা অনুষ্ঠানের আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। জেলা প্রশাসক ২। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
২	উপজেলা পর্যায়ে মুজিব শতবর্ষে দুর্যোগ প্রশমন দিবস এবং সিপিপি'র ৫০ বছর বিষয়ক আলোচনা সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা নির্বাহী অফিসার ২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
৩	জেলা ও উপজেলা পর্যায়ে ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক মহড়া আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। জেলা প্রশাসক/জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
৪	উদ্বোধনী অনুষ্ঠান zoom ভিডিও কনফারেন্সের মাধ্যমে সংশ্লিষ্ট সকলের সাথে Live সংযোগ এবং সম্প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। পরিচালক (প্রশাসন), সিপিপি

- ১। উপরোক্ত কর্মসূচি বাস্তবায়নে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের জন্য সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।
- ২। জেলা পর্যায়ে কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত একটি প্রতিবেদন (ছবিসহ) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণের জন্য জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)-কে অনুরোধ করা হয়।
- ৩। উপজেলা পর্যায়ে কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত একটি প্রতিবেদন (ছবিসহ) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।
- ৪। মাঠপর্যায়ে কর্মসূচিসমূহের যথাযথ বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগীতা প্রদানের জন্য কমিটির সদস্য সচিবকে অনুরোধ করা হয়।
- ৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মো: আতিকুল হক)  
মহাপরিচালক  
ও আহবায়ক

জেলা ও উপজেলা পর্যায়ে মুজিব বর্ষে আন্তর্জাতিক  
দুর্যোগ প্রশমন দিবস-২০২১ উদযাপন এবং সোশ্যাল  
মিডিয়ায় প্রচার উপকমিটি

স্মারক নং- ৫১.০১.০০০০.০১১.২৩.০০৩.২১. ৪০২(ক)

তারিখ: ০২/০৯/২০২১ খ্রিঃ

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (সেবা), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক (প্রশাসন), সিপিপি, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক (সকল)।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ৭। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)।
- ৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল)।
- ৯। অফিস কপি।

  
(অঞ্জন চন্দ্র পাল)  
পরিচালক (কাবিখা)

ও

সদস্য সচিব

জেলা ও উপজেলা পর্যায়ে মুজিব বর্ষে আন্তর্জাতিক  
দুর্যোগ প্রশমন দিবস-২০২১ উদযাপন এবং সোশ্যাল  
মিডিয়ায় প্রচার উপকমিটি